

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬-৫৩৪

তারিখঃ ১১/১২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের জন্য কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ঋণ সুবিধা প্রদানের  
অগ্রগতির প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৪.১৩.৪৫১, তারিখঃ ১৩/০৮/২০১৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের অধিকতর আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ সুবিধা প্রাপ্তির উদ্যোগ গ্রহণ ও প্রতি বছরের জুলাই, অক্টোবর, জানুয়ারি ও এপ্রিল মাসের ১০ তারিখের মধ্যে কর্মসংস্থান ব্যাংক হতে প্রদানকৃত ঋণের ত্রৈমাসিক অগ্রগতির তথ্য প্রধান কার্যালয়ের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখায় প্রেরণের জন্য একাধিকবার অনুরোধ জানানো হয়েছে। লক্ষ্য করা গেছে যে, ১। চট্টগ্রাম ২। বাগেরহাট ৩। কিশোরগঞ্জ ৪। নেত্রকোণা জেলা হতে এ পর্যন্ত কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ প্রদানের কোন তথ্যই প্রেরণ করা হয়নি যা খুবই হতাশাজনক। এতে প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকগণ এ বিষয়ে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেননি। ফলে কর্মসংস্থান ব্যাংক হতে প্রশিক্ষিত যুবগণ প্রত্যাশিত সুবিধা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছেন এবং অধিদপ্তরের অন্যতম উদ্দেশ্য আত্মকর্মসংস্থান সৃজনের কাজ বিঘ্নিত হচ্ছে।

এমতাবস্থায়, উপরোক্ত ৪টি জেলা হতে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ সুবিধা গ্রহণের অগ্রগতির প্রতিবেদন কেন প্রেরণ করা হচ্ছেনা তার কারণ আগামী ২০/১২/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে জানানোসহ এ বিষয়ক অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন (সূত্রে বর্ণিত তারিখ হতে সেপ্টেম্বর'১৭ পর্যন্ত) নির্ধারিত তারিখের মধ্যে অব্যাহতভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ

(ফরিদা ইয়াসমিন)

উপ-পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ফোনঃ ৯৫৫৩৩২৩

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....(সংশ্লিষ্ট ৪টি) জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬-৫৩৪

তারিখঃ ১১/১২/২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অফিস কপি।



(ফরিদা ইয়াসমিন)

উপ-পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ফোনঃ ৯৫৫৩৩২৩